

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৯৯

১/ বিবিধ

আরবী

لما نزلت (الحمد لله رب العالمين) ، وآية (الكرسي) ، و (شهد الله) ، و (قل اللهم مالك الملك) إلى (بغير حساب) ، تعلقن بالعرش وقلن: أنزلتنا على قوم يعملون بمعاصيك؟ فقال: وعزتي وجلالي وارتفاع مكاني لا يتلوكن عبد دبر كل صلاة مكتوبة إلا غفرت له ما كان فيه وأسكنته جنة الفردوس، ونظرت إليه كل يوم سبعين مرة، وقضيت له سبعين حاجة، أدناها المغفرة

موضوع

رواه الديلمي في "مسند الفردوس" من طريق محمد بن عبد الرحمن بن بحير بن ريسان: حدثنا عمرو بن الربيع بن طارق: حدثنا يحيى بن أيوب: حدثنا إسحاق بن أسيد عن يعقوب بن إبراهيم عن محمد بن ثابت بن شرحبيل عن عبد الله بن يزيد الخطمي عن أبي أيوب مرفوعا. ذكره السيوطي في "اللآلي" (1 / 229 - 230) شاهدا للحديث الذي قبله، ثم سكت عليه فأساء، لأن ابن ريسان هذا قال الذهبي: "اتهمه ابن عدي، وقال ابن يونس: ليس بثقة، وقال أبو بكر الخطيب: كذاب". ثم ساق له حديثين ثم قال: "وهذان باطلان"! وقال ابن حبان (2 / 260): "كان ممن ينفرد بالمعضلات عن الثقات، ويأتي بالمناكير عن المشاهير

বাংলা

৬৯৯। যখন (আলহামদুলিল্লাহ রাব্বিল আলামীন), (আয়াতুল কুরসী), (শাহিদািল্লাহ আয়াত) এবং (কুণিল্লাহম্মা

মালেকিল মুলক) (বিগাইরে হিসাব) পর্যন্ত নাযিল হল, তখন সেগুলো আরশে টাংগিয়ে দেয়া হল। আমরা বললাম ঃ আপনি আমাদেরকে এমন একটি সম্প্রদায়ের নিকট নাযিল করলেন যারা আপনার নাফারমানী করে? আল্লাহ বললেনঃ আমার ইযযত, আমার মর্যাদা ও আমার সুউচ্চ আসনের শপথ প্রতিটি ফরয সালাতের পর কোন বান্দা যদি উক্ত আয়াতগুলো পাঠ করে তাহলে আমি তার যাবতীয় গুনাহ ক্ষমা করে দিব। জান্নাতুল ফিরদাউসে তার স্থান বানিয়ে দিব। প্রতিদিন তার দিকে সত্তর বার দৃষ্টি প্রদান করব আর তার সত্তরটি প্রয়োজনীয়তাকে পূর্ণ করে দিব। তার সর্ব নিম্নটি হচ্ছে তাকে ক্ষমা করে দেয়া।

হাদীছটি জাল।

এটি দাইলামী “মুসনাদুল ফিরদাউস” গ্রন্থে মুহাম্মাদ ইবনু আবদির রহমান সূত্রে আমার ইবনু রাবী’ হতে তিনি ইয়াহইয়া ইবনু আইউব হতে তিনি ইসহাক ইবনু উসায়েদ হতে ... বর্ণনা করেছেন। সুযুতী “আল-লাআলী” (১/২২৯-২৩০) গ্রন্থে পূর্বের হাদীছটির শাহেদ হিসাবে উল্লেখ করে চুপ থেকে ক্রটি করেছেন। কারণ মুহাম্মাদ ইবনু আবদির রহমান সম্পর্কে যাহাবী বলেনঃ তাকে ইবনু আদী মিথ্যার দোষে দোষী করেছেন। ইবনু ইউনুস বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। আবু বাকর আল-খাতীব বলেনঃ তিনি মিথ্যুক। অতঃপর যাহাবী তার দুটি হাদীছ উল্লেখ করে বলেছেনঃ হাদীছ দুটি বাতিল। ইবনু হিব্বান (২/২৬০) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এককভাবে মুযাল বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত। তিনি প্রসিদ্ধদের উদ্ধৃতিতে মুনকার হাদীছও বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71578>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন